61

দৈনিক বাংলা

তারিখ 18 FEB 1997
পৃষ্ঠা ১ কলাম ২

সৈয়দ আনোয়ার হোসেন

সৈয়দ আনোয়ার হোসেন বাংলা একাডেমীর নয়া ডিজি

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন সোমবার সন্ধ্যায় বাংলা একাডেমীর নতুন মহাপরিচালক হিসাবে যোগদান করেছেন। গত ৫ ফেব্রুয়ারী থেকে মহাপরিচালকের পদটি শূন্য ছিল।

সন্ধ্যায় দায়িত্বভার বুঝে নেয়ার পর প্রতিক্রিয়া জানতে চাইলে প্রফেসর সৈয়দ

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

সৈয়দ আনোয়ার

(প্রথম পৃষ্ঠার পর)

আনোয়ার হোসেন বলেন, এটি অবশ্যই একটি গুরুদায়িত্ব। বাংলা একাডেমী একটি স্বতন্ত্র ধরনের প্রতিষ্ঠান। ভাষা আন্দোলনের বীর তরুণদের রক্তের ওপর এটি দাঁড়িয়ে আছে। এ দায়িত্ব পবিত্র আমানত। আমি প্রত্যাশা করব, এই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত সকল কর্মকর্তা-কর্মচারী আমাকে সহযোগিতা করবেন।

বাংলা একাডেমীর সচিব ও ভারপ্রাপ্ত মহাপরিচালক মঈনুল হাসানের কাছ থেকে দায়িত্ব গ্রহণের পর নতুন মহা-পরিচালক একাডেমী প্রাঙ্গণে বইমেলার নির্মীয়মাণ স্টলসমূহ, মূল প্যান্ডেলের কাজকর্ম দেখতে যান।

প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ঐতিহাসিক ও প্রাবন্ধিক। তিনি ১৯৭০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে যোগ-দান করেন এবং ১৯৮৫ সালে প্রফেসর পদে উন্নীত হন। তিনি ১৯৯৩ থেকে ৯৬ সাল পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। এছাড়া ১৯৯০-৯১ সালে দু'বছর মেয়াদের জন্য বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির সাধারণ সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁর উল্লেখযোগ্য প্রকাশনার মধ্যে রয়েছে—"Super-powers & Security in the Indian ocean : A South Asian Perspective" এ গ্রন্থটি শ্রেষ্ঠ গবেষণা গ্রন্থ হিসাবে ১৯৯৫ সালের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের পুরস্কারে ভূষিত হয়েছে।

প্রফেসর সৈয়দ আনোয়ার হোসেন ১৯৪৭ সালে বগুড়ার সূত্রাপুরে জন্মগ্রহণ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রফেসর শওকত আরা হোসেন তাঁর সহধর্মিনী। তিনি এক পুত্র সন্তানের জনক।